

## এই দম্পতি কী বলেন ?

আমরা সুখ-শান্তির জীবন চাই।  
তাই ঠিক করেছি  
বিয়ের প্রথম ৩ বছর সন্তান নেবোনা  
ভবিষ্যতে দু'সন্তানের সংসার গড়বো

আমরা পরিবার পরিকল্পনার ব্যবস্থা নিয়েছি  
আপনারাও নিন।



### আজই যোগাযোগ করুন আপনার এলাকার

পরিবার পরিকল্পনা সহকারীর সঙ্গে  
স্যাটেলাইট ক্লিনিকে  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে  
হাসপাতালে।



পরিবার পরিকল্পনা অধিদপ্তর

আই ই এম ইউনিট

ডি এফ পি- ৯০৮৯-২৩-৪-৯৮

## মুখ ও দাঁতের যত্ন নিন-সুস্থ থাকুন



- মুখ ও দাঁতের যত্ন নিন, সুস্থ থাকুন।
- প্রত্যেকবার খাবারের পর সঠিক পদ্ধতিতে দাঁত মাজুন।
- দাঁতের ফাঁকে খাবার আটকে থাকলে খিলাল করুন।
- দাঁত মাজার জন্য কোন অবস্থাতেই কয়লা, ছাই বা গুল ব্যবহার করবেন না।
- দাঁত মাজার জন্য নরম ব্রাস ও পেস্ট কিংবা মেছওয়াক করুন।
- মিষ্টি, কেক, চকলেট, বিস্কুট খাওয়ার পর বেশী করে পানি খাবেন এবং কুলি করবেন।
- শিশুর দুধ দাঁতের যত্ন নিন।
- শিশুর ২½ বছর বয়স থেকে নিয়মিত দাঁত পরিষ্কার করুন।
- জন্মের পর শিশুকে মায়ের বুকের দুধ খেতে দিন।
- মুখের ক্যানসার প্রতিরোধে পান চুন, সাদা পাতা এবং জর্দা খাবেন না।
- গালের ভিতরের কোন পাশে গুলটি করে পান রাখবেন না।
- ভাস্মা দাঁতের দ্রুত চিকিৎসা নিন।
- বাচ্চাদের স্কুলের টিফিনে আমড়া, পেয়ারা, আমলকি দিন।
- টাটকা ফল ও শাক-সজি বেশী করে খাবেন।

স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর

ডি এফ পি- ৯০৮৯-২৩-৪-৯৮

প্রথম সার্ক তথ্য মন্ত্রী  
সম্মেলন সফল হোক

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা

### বিজ্ঞপ্তি

(মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত  
প্রতিষ্ঠান নিরীক্ষা সম্পর্কিত)

“জাতীয় রাজস্ব সংরক্ষণে অংশ নিন”  
“মুসক অডিটে সহযোগিতা করুন”

১৯৯১ সালের ১লা জুলাই থেকে মূল্য সংযোজন কর ব্যবস্থা চালু হয়েছে। এই ব্যবস্থায় একজন করদাতা নিজেই পণ্য বা সেবা ভোক্তার নিকট খালাস/প্রদানের সময়ই প্রদেয় কর হিসাব করে তা সরকারী কোষাগারে জমা প্রদান করে থাকেন। অর্থাৎ কোন পণ্য উৎপাদনকারী/সেবা প্রদানকারী ভোক্তার নিকট থেকেই এই কর পণ্য বিক্রয়/সেবা প্রদানের সময় আদায় করে সরকারী কোষাগারে জমা দেন।

মূল্য সংযোজন কর ব্যবস্থাপনার দায়িত্ব হচ্ছে এই কর যথাযথভাবে হিসাব করে সঠিক সময়ে সঠিক পরিমাণে পরিশোধ করা হচ্ছে কিনা সে বিষয়টি যাচাই করে দেশীয় ভোক্তা কর্তৃক পরিশোধিত জাতীয় রাজস্ব সংরক্ষণ করা।

সঠিক সময়ে সঠিক পরিমাণ রাজস্ব আদায় নিশ্চিত করার লক্ষ্যে মূল্য সংযোজন কর ব্যবস্থাপনা সময়ে সময়ে নির্বাচিত কোন কোন করদাতা প্রতিষ্ঠানের কতিপয় কর্মকর্তা নিরীক্ষা করে থাকেন। এ জন্য আগে আগেই নিরীক্ষার জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে নিরীক্ষায় প্রয়োজন হতে পারে এমন সকল হিসাব সঞ্চীয় দলিলপত্রসহ প্রস্তুত রাখার জন্য অবহিত করা হয়। সুতরাং নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আন্তরিক সহযোগিতা ছাড়া নির্ধারিত সময়ে এবং সুষ্ঠু ও কার্যকরভাবে নিরীক্ষা সম্পাদন করা সম্ভব নয়।

মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৩৪ অনুযায়ী এই আইনের অধীনে যে কোন ধরনের হিসাব সম্পর্কিত দলিলাদি চাওয়া মাত্র যে কোন নিবন্ধিত করদাতা প্রতিষ্ঠান তা নিরীক্ষা কর্মকর্তাগণকে দিতে বাধ্য; অন্যথায় তা ধারা ৩৭ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ হিসাবে বিবেচিত।

এমতাবস্থায় মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত সকল করদাতা প্রতিষ্ঠানকে নিরীক্ষায় বা অডিটে সক্রিয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অডিটের প্রাক্কালে অডিটকারী কর্মকর্তাদের যথাযথ আইডি কার্ড ও সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক জারীকৃত অডিট আদেশ আছে কিনা সে সম্পর্কে নিশ্চিত হতে পারেন।

জাতীয় রাজস্ব বোর্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড সেগুনবাগিচা ঢাকা

### মূল্য সংযোজন কর

সম্মানিত ক্রেতাসাধারণের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর ব্যবস্থাকে পাইকারী ও খুচরা পর্যায়ে নিয়ে যাবার জন্য ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ অর্থবছরে অধিকাংশ ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল ও স্যানিটারি দ্রব্য এবং ত্রি-চক্রযান, মোটর সাইকেল, মোটর কার, স্টেশন ওয়াগন, মাইক্রোবাস ও জিপের উপর পাইকারী ও খুচরা বিক্রির ক্ষেত্রে মূল্য সংযোজন কর আরোপ করা হয়েছে।

০২। মূল্য সংযোজন কর চূড়ান্তভাবে ভোক্তা কর্তৃক প্রদেয়। পাইকারী ও খুচরা পর্যায়ে বিক্রির ক্ষেত্রে প্রতিটি দ্রব্যের বিক্রিমূল্যের উপর বিক্রোতা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ২.২৫% (সোয়া দুই শতাংশ) হারে মূল্য সংযোজন কর ক্রেতার নিকট থেকে সংগ্রহ পূর্বক সরকারের সংশ্লিষ্ট রাজস্ব খাতে জমা করতে আইনত বাধ্য। মূল্য সংযোজন কর আলাদাভাবে দেখান বা না দেখান বিক্রির সময় বিক্রোতা মুসক নিবন্ধন নম্বরযুক্ত একটি ক্যাশমেমো ক্রেতাকে অবশ্যই প্রদান করবেন।

০৩। সম্মানিত ক্রেতাসাধারণ ক্রয়মূল্যের ওপর ২.২৫% হারে বা মূল্যের সঙ্গেই প্রযোজ্য মূল্য সংযোজন কর (ভ্যাট) প্রদানপূর্বক ক্যাশমেমো গ্রহণ করে জাতীয় রাজস্ব আহরণে তথা দেশের সার্বিক উন্নয়নে যথার্থ অবদান রাখতে পারেন। তাদেরকে উল্লেখিত পণ্য ক্রয়ের প্রাক্কালে অনুগ্রহ করে ক্যাশমেমো গ্রহণ করতে অনুরোধ করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

ডি এফ পি- ৯০৯৬- ২৩-৪-৯৮